

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৩১

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৫০. গণমিতের মাল হতে কাউকে কিছু পুরস্কার হিসাবে দেওয়া।

باب فِي النَّفْلِ

আরবী

حَدَّتَنِي هَنَّادُ بْنُ السَّرِيِّ، عَنْ أَبِي بَكْرٍ، عَنْ عَاصِمٍ، عَنْ مُصِعْبِ بْنِ سَعْدٍ، عَنْ أَبِيهِ، قَالَ جِئْتُ إِلَى النَّبِي صلى الله عليه وسلم يَوْمَ بَدْرٍ بِسَيْفَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ قَدْ شَفَى صَدْرِي الْيَوْمَ مِنَ الْعَدُوِّ فَهَبْ لِي هَذَا السَّيْفَ . قَالَ " إِنَّ هَذَا السَّيْفَ لَيْسَ لِي وَلاَ شَفَى صَدْرِي الْيَوْمَ مِنَ الْعَدُوِّ فَهَبْ لِي هَذَا السَّيْفَ . قَالَ " إِنَّ هَذَا السَّيْفَ لَيْسَ لِي وَلاَ لَكَ " فَذَهُبْتُ وَأَنَا أَقُولُ يُعْطَاهُ الْيَوْمَ مَنْ لَمْ يُبْلِ بَلاَئِي . فَبَيْنَا أَنَا إِذْ جَاءَنِي الرَّسُولُ فَقَالَ لَكَ " فَذَهُبْتُ وَأَنَا أَقُولُ يُعْطَاهُ الْيَوْمَ مَنْ لَمْ يُبْلِ بَلاَئِي . فَبَيْنَا أَنَا إِذْ جَاءَنِي الرَّسُولُ فَقَالَ أَبِ فَهُو لَكَ أَنَّهُ نَزَلَ فِيَّ شَيْءٌ بِكَلاَمِي فَجِئْتُ فَقَالَ لِي النَّبِيُّ صلى الله عليه وسلم " أَجبْ . فَظَنَنْتُ أَنَّهُ نَزَلَ فِيَّ شَيْءٌ بِكَلاَمِي فَجِئْتُ فَقَالَ لِي النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنَّكَ سَأَلْتَنِي هَذَا السَّيْفَ وَلَيْسَ هُوَ لِي وَلاَ لَكَ وَإِنَّ اللَّهُ قَدْ جَعَلَهُ لِي فَهُو لَكَ ثُمَّ قَرَأَ (يَسُأَلُونَكَ عَنِ الأَنْفَالُ قُل الْأَنْفَالُ لِلَّهِ وَالرَّسُولِ) إِلَى آخِرِ الآيَةِ " . قَالَ أَبُو دَاوُدَ قِرَاءَةُ ابْنِ مَسْعُودِ يَسْأَلُونَكَ النَّفْلُ .

বাংলা

২৭৩১. হায়াদ ইবন সিরী (রহঃ) মুস'আব ইবন সা'দ (রহঃ) তাঁর পিতা থেকে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ বদর-যুদ্ধের দিন আমি একখানি তরবারি নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাযির হই এবং আমি বলিঃ ইয়া রাসূলাল্লাহ্! আজ দুশমনদের পক্ষ হতে আমার দিল ঠান্ডা হয়ে গেছে (অর্থাৎ তাদের আমি ইচ্ছামত নিধন করেছি)। তাই এ তরবারিখানা আমাকে দান করান। তিনি বলেনঃ এ তরবারি আমারও নয় এবং তোমারও নয়। তখন আমি এ বলে ফিরে যাই যে, আজ এ তরবারি হয়ত এমন ব্যক্তির অংশে প্রদত্ত হবে যে, যুদ্ধক্ষেত্রে আমার মত কঠিন সংগ্রামে লিপ্ত হয়নি।

এমনসময় আমার কাছে একজন দূত এসে বললঃ চল, রাসূল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তোমাকে ডাকছেন। তখন আমি ধারণা করি যে, আমার এ কথাবর্তার ব্যাপারে হয়ত কোন আয়াত নাযিল হয়েছে। অতঃপর আমি আসলে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ তুমি আমার নিকট এ তরবরিখানা চেযেছিলে কিন্তু তখন তা আমারও ছিল না এবং তোমারও ছিল না। এখন আল্লাহ্ তা'আলা এটা আমাকে প্রদান করেছেন, তাই আমি এখন তা তোমাকে দান করছি। অতঃপর তিনি তিলাওয়াত করেনঃ তারা আপনাকে 'আনফাল' সম্পর্কে



জিজ্ঞাসা করে। আপনি বলুন, তা আল্লাহ্ এবং তাঁর রাসূলের।

আবূ দাউদ (রহঃ) বলেনঃ ইবন মাস'উদের কিরা'আত হলোঃ অর্থাৎ 'নফল' বা অতিরিক্ত দান সম্পর্কে জিজ্ঞাসা করে।

English

Mus'ab bin Sa'd reported on the authority of his father (Sa'ad bin Abi Waqqas) "I brought a sword to the Prophet() on the day of the Badr and I said (to him) Apostle of Allaah(), Allaah has healed up my breast from the enemy today, so give me this sword. He said "This sword is neither mine nor yours. I then went away saying "today this will be given to a man who has not been put to trial like me. Meanwhile a messenger and came to me and said "Respond, I thought something was revealed about me owing to my speech. I came and the Prophet () said to me "You asked me for this sword, but this was neither mine nor yours. Now Allaah has given it to me, hence it is yours. He then recited "they ask thee concerning (things taken as) spoils of war. Say "(Such) spoils are at the disposal of Allaah and the Apostle.

Abu Dawud said "According to the reading of the Qur'an of Ibn Mas'ud the verse goes. They ask thee concerning (things taken as) spoils of war.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন